Australian Government

Bengali

# অস্ট্রেলিয়ায় ভ্রমণ অথবা ফিরে আসা
## ভ্রমণকারীদের জন্য জৈব নিরাপত্তা তথ্য

অস্ট্রেলিয়ার জৈব নিরাপত্তা আইন কঠোর। এটি অস্ট্রেলিয়ার কৃষি এবং অনন্য পরিবেশ এবং বন্যপ্রাণীকে কীটপতঙ্গ এবং রোগ থেকে রক্ষা করার জন্য।

## অস্ট্রেলিয়ায় আসার আগে

আপনার ঘোষণা সম্পূর্ণ করুন। আইন অনুসারে, আপনাকে অবশ্যই নির্দিষ্ট খাদ্য, উদ্ভিদ উপাদান এবং প্রাণীজ দ্রব্য সহ যেকোনো ঝুঁকিপূর্ণ পণ্য ঘোষণা করতে হবে। এর মধ্যে এমন পণ্য রয়েছে যা বাণিজ্যিকভাবে প্রস্তুত এবং গাঁটবন্দী বা প্যাক করা, ঘরে তৈরি, তাজা, শুকনো, রান্না করা, রান্না না করা অথবা হিমায়িত, অথবা খাবার এবং রান্নার উপাদান, এমনকি অল্প পরিমাণেও।

বিমান বা জাহাজ থেকে খাবার সঙ্গে নিয়ে আনবেন না।

## আপনি যখন অস্ট্রেলিয়ায় পৌঁছাবেন

- অভিবাসন ছাড়পত্রের মাধ্যমে এগিয়ে যান।
- আপনার ব্যাগ সংগ্রহ করুন।
- জৈব নিরাপত্তা পরিদর্শনে এগিয়ে যান এবং আপনার ঘোষণাপত্র এবং আপনি যে পণ্যগুলি ঘোষণা করছেন তা জৈব নিরাপত্তা অফিসারের কাছে উপস্থাপন করুন।
- আপনি কোনো পণ্য ঘোষণা না করলেও আপনার ব্যাগগুলি একজন জৈব নিরাপত্তা অফিসার, একটি আবিষ্কারক কুকুর বা এক্স-রে দ্বারা পরীক্ষা করা হতে পারে।

## আপনি যদি ঝুঁকিপূর্ণ পণ্য ঘোষণা না করেন তাহলে কি হবে

আপনি যদি জৈব নিরাপত্তা অফিসারকে অথবা আপনার ঘোষণাপত্রে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করেন, অথবা আপনি যদি পণ্য সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে ব্যর্থ হন অথবা জৈব নিরাপত্তা অফিসারের দেওয়া নির্দেশনা মেনে চলতে ব্যর্থ হন, তাহলে আপনাকে:

- একটি নিয়মলঙ্ঘন নোটিশ দেওয়া হতে পারে
- দেওয়ানী জরিমানা কার্যক্রম সাপেক্ষে, এবং/অথবা
- ফৌজদারি অপরাধের জন্যে বিচার হতে পারে।

আরও জানতে স্ক্যান করুন

আপনার ভিসা বাতিলও হতে পারে এবং যদি তাই হয়, তাহলে আপনাকে অস্ট্রেলিয়ায় প্রবেশ প্রত্যাখ্যান করা হবে এবং আপনি তিন বছর পর্যন্ত অস্ট্রেলিয়ায় ফিরে আসতে পারবেন না।

*জৈব নিরাপত্তা আইন* ২০১৫ এর অধীনে আপনি যদি সমস্ত পণ্য ঘোষণা করেন এবং উপস্থাপন করেন, এমনকি যদি সেগুলি অস্ট্রেলিয়ায় প্রবেশের অনুমতি না থাকলেও আপনাকে শাস্তি দেওয়া হবে না।

## আপনার ঘোষণা করা পণ্যের কি হবে

একজন জৈব নিরাপত্তা কর্মকর্তা আপনার উপস্থাপিত পণ্য পরিদর্শন করবেন এবং আরও তথ্য বা ডকুমেন্টেশন চাইতে পারেন।

যদি পণ্যগুলি অনুমতি দেওয়া হয় এবং পরিদর্শন পাস করে তবে সেগুলি আপনাকে ফেরত দেওয়া হবে। যদি পণ্যগুলি পরিদর্শন পাস না করে, তবে আপনাকে পণ্য ট্রীট (পরিষ্কার বিশেষ) করার জন্য অর্থ প্রদান করতে হতে পারে, অস্ট্রেলিয়া থেকে রপ্তানি করা বা বিনষ্ট করা হতে পারে। জৈব নিরাপত্তা কর্মকর্তা আপনাকে পরামর্শ দেবেন।

## অস্ট্রেলিয়ায় পণ্য নেওয়া যায় কিনা তা কীভাবে পরীক্ষা করবেন

ভিজিট করুন **agriculture.gov.au/bringing-goods**.

নির্দিষ্ট আমদানি শর্ত বা ডকুমেন্টেশন প্রয়োজনীয়তার জন্য, বায়োসিকিউরিটি ইম্পোর্ট কন্ডিশন সিস্টেম (BICON) ভিজিট করুন **agriculture.gov.au/bicon**। যদি আপনার আমদানি অনুমতির প্রয়োজন হয়, তাহলে অস্ট্রেলিয়ায় পণ্য আনার আগে আপনাকে অবশ্যই আবেদন করতে হবে এবং তা গ্রহণ করতে হবে।

আপনি যদি নিশ্চিত না হন তবে খাদ্য, উদ্ভিদ উপাদান এবং প্রাণীজদের পণ্য আনবেন না।

আরও তথ্যের জন্য, ফোন করুন **১৮০০ ৯০০ ০৯০** অথবা ইমেল **imports@aff.gov.au**.

**আপনাকে অবশ্যই কিছু খাদ্য, উদ্ভিদ উপাদান এবং প্রাণীজ পণ্য ঘোষণা করতে হবে। এখানে কিছু উদাহরণ আছে, কিন্তু আপনি যদি নিশ্চিত না হন তবে মনে রাখবেন, শুধু এটি ঘোষণা করুন!**

## দুগ্ধ এবং ডিম পণ্য

- শিশুদের ফর্মুলা
- পনির, দুধ এবং দই
- সম্পূর্ণ, শুকনো এবং গুঁড়ো ডিম
- মেয়োনিজ
- নুডুলস এবং পাস্তা

## উদ্ভিদ উপাদান

- জীবন্ত গাছপালা
- বীজ, মূল এবং কাটা কাণ্ড
- তাজা এবং শুকনো ফুল
- কারুশিল্প এবং অলঙ্কার
- কাঠের জিনিসপত্র
- বাকল, পাতা এবং খড়

## খাদ্য

- বিমান বা জাহাজ থেকে খাবার
- কাঁচা এবং রান্না করা খাবার এবং উপাদান
- চাল
- বাড়িতে রান্না করা বা বাণিজ্যিকভাবে মোড়ক করা খাবার
- মধু
- ভেষজ চা এবং ওষুধ সহ ভেষজ এবং মশলা
- নাস্তা জাতীয় হাল্কা খাবার
- স্যান্ডউইচ, র‍্যাপ্স্, রোল এবং বার্গার

## ফল এবং সবজি

- তাজা, হিমায়িত, সংরক্ষিত এবং শুকনো

## মাংস, পোল্ট্রি এবং সামুদ্রিক খাদ্য পণ্য

- তাজা, শুকনো, হিমায়িত, রান্না করা, ধূমপান করা, লবণাক্ত এবং সংরক্ষিত

## পশুদের জন্য খাদ্য এবং সরঞ্জাম

- পোষা প্রানীর খাদ্য এবং ওষুধ
- ওষুধ
- স্যাডলস্
- পশু চিকিৎসা, সাজগোজের, লোম কাটা এবং মৌমাছি পালনের সরঞ্জাম

## জীবন্ত প্রাণী এবং প্রাণীদের পণ্য

- ডিম এবং বাসা
- পালক, হাড়, শিং, চামড়া, পশুর পশম এবং চুল
- ঠাসা পশু এবং পাখি
- শাঁস/শেল এবং প্রবাল
- মোম এবং অন্যান্য মৌমাছি পণ্য

## বাদাম, বীজ, মটরশুটি এবং শস্য

## বহিরঙ্গন, ক্যাম্পিং এবং ক্রীড়া সরঞ্জাম এবং জুতা

- হাইকিং বুট
- মাছ ধরার সরঞ্জাম
- মাটি, বীজ, প্রাণী বা মল পদার্থ বা মিঠা পানি দিয়ে দূষিত হতে পারে এমন কিছু

# আপনি পৌঁছানোর পরে যদি আপনি একটি জৈব নিরাপত্তার ঝুঁকি খুঁজে পান তাহলে কি করবেন

মোড়ক খোলার সময় আপনি যদি জীবন্ত প্রাণী, পোকামাকড়, মাটি, উদ্ভিদের উপাদান বা অন্যান্য ঝুঁকিপূর্ণ উপাদন খুঁজে পান, নম্বরে ফোন করুন **১৮০০ ৭৯৮ ৬৩৬**। আপনাকে শাস্তি দেওয়া হবে না।

## অন্যান্য পণ্য

নিম্নলিখিত পণ্যগুলি একটি জৈব নিরাপত্তা ঝুঁকি নয়:

- মদ্যপযুক্ত পানীয় এবং সিগারেট
- ইলেকট্রনিক যন্ত্রপাতি (ল্যাপটপ, ট্যাবলেট, ফোন এবং ক্যামেরা সহ)
- মূল্যবান জিনিসপত্র (গহনা, ঘড়ি এবং মুদ্রা সহ)।

এই আমদানিগুলি স্বরাষ্ট্র দপ্তর দ্বারা নিয়ন্ত্রিত হয় এবং সেসবের মুক্তির আগে এই পণ্যগুলি পরিদর্শন এবং পরিষ্কার করার প্রয়োজন হতে পারে। সীমান্তের মাধ্যমে এই পণ্যগুলি সাফ করা এবং আমদানি শুল্ক এবং কর সম্পর্কে আরও তথ্যের জন্য, ভিজিট করুন **homeaffairs.gov.au**।

ওভার-দ্য-কাউন্টার বা প্রেসক্রিপশনের ওষুধ এবং অন্যান্য থেরাপিউটিক পণ্যের জন্য, **tga.gov.au** এ থেরাপিউটিক গুডস অ্যাডমিনিস্ট্রেশনের সাথে যোগাযোগ করুন।

হাঙ্গরের পাখনা, সাপের চামড়া, হাতির দাঁত, কচ্ছপের খোল এবং বিরল অর্কিড সহ বন্য প্রাণী ও উদ্ভিদের বিপন্ন প্রজাতির আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত কনভেনশনের (CITES) অধীনে তালিকাভুক্ত উদ্ভিদ ও প্রাণী প্রজাতির গতিবিধি সম্পর্কে তথ্যের জন্য, জলবায়ু বিভাগের সাথে যোগাযোগ করুন। জলবায়ু পরিবর্তন, শক্তি, পরিবেশ ও জল বিভাগের সাথে যোগাযোগ করুন **dcceew.gov.au/environment/wildlife-trade/non-commercial**।

**ফোন:** ১৮০০ ৯০০ ০৯০ অথবা
+৬১ ৩ ৮৩১৮ ৬৭০০ (অস্ট্রেলিয়ার বাইরে থেকে)

© কমনওয়েলথ অস্ট্রেলিয়া ২০২৪। এই তথ্যপত্রে তথ্য প্রকাশের সময় সঠিক ছিল।
জৈব নিরাপত্তা আমদানি শর্তাবলী বিজ্ঞপ্তি ছাড়াই পরিবর্তন হতে পারে।

**agriculture.gov.au/**travelling

**ফেসবুক:** Australian Biosecurity
**ইনস্টাগ্রাম:** @australianbiosecurity

BIO076.0623